

যুগান্তর

তারিখ 27 SEP 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

ব্রিটিশ কাউন্সিলের কার্যক্রম সীমিত পরিসরে শুরু

যুগান্তর রিপোর্ট

দুই মাস বন্ধ থাকার পর সোমবার সকাল থেকে সীমিত পরিসরে খুললো ব্রিটিশ কাউন্সিলের বাংলাদেশ অফিস। সকাল থেকে নিয়মিত কার্যক্রম চলেছে ঢাকার ফুলার রোড, চট্টগ্রাম, সিলেট এবং উত্তরার টিচিং সেন্টারে। ব্রিটিশ কাউন্সিল ঢাকার প্রধান অফিসের একজন কাউন্সিলার সার্ভিস অফিসার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সাময়িকভাবে গুলশান ও ধানমন্ডির টিচিং সেন্টার এখনও বন্ধ রয়েছে। রোববার এক বিজ্ঞপ্তিতে ব্রিটিশ কাউন্সিল জানায়, ২০১৬-এর অক্টোবর-নভেম্বরের আইইএলটিএস পরীক্ষার তারিখগুলোও এখন উন্মুক্ত। ব্রিটিশ কাউন্সিলের ইংরেজি ভাষা শিক্ষার চতুর্থ টার্ম শুরু হবে ১২ অক্টোবর থেকে। শিক্ষার্থীরা অনলাইনে লেভেল টেস্টের জন্য নিবন্ধন করতে পারবেন। এজন্য তারা ঢাকার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও উত্তরা এবং চট্টগ্রামের আগ্রাবাদ টিচিং

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

ব্রিটিশ কাউন্সিলের (৩য় পৃষ্ঠার পুর)

সেন্টারগুলোতে ইংরেজি শিক্ষার কোর্সের জন্য নিবন্ধন করতে পারবেন। এছাড়াও কাউন্সিলের সব ব্যবসায় প্রশিক্ষণ কার্যক্রম ও কর্মশালা অব্যাহত থাকবে।